# আল-আ'লা | Al-A'la | ٱلْأَعْلَىٰ

আয়াতঃ ৮৭ : ১০

## আরবি মূল আয়াত:

سَيَذَّكَّرُ مَن يَخۡشَىٰ ﴿١٠﴾

## অনুবাদসমূহ:

সে-ই উপদেশ গ্রহণ করে, যে ভয় করে । — আল-বায়ান

যে ভয় করে সে উপদেশ গ্রহণ করবে। — তাইসিরুল

যারা ভয় করে তারা উপদেশ গ্রহণ করবে। — মুজিবুর রহমান

He who fears [Allah] will be reminded. — Sahih International

### ১০. যে ভয় করে সেই উপদেশ গ্রহণ করবে।(১)

(১) অর্থাৎ যে ব্যক্তির মনে আল্লাহর ভয় এবং তাঁর সাথে সাক্ষাত করতে হবে এমন ধারণা কাজ করে সে অবশ্যই আপনার উপদেশ মনোযোগ সহকারে শুনবে। [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

### ১০। যে ভয় করে, সে উপদেশ গ্রহণ করবে। [1]

[1] অর্থাৎ, তোমার উপদেশ নিশ্চয় ঐ সমস্ত লোকেরা গ্রহণ করবে, যাদের অন্তরে আল্লাহর ভয় আছে। আর তার মাধ্যমে তাদের মধ্যে আল্লাহ-ভীতি ও নিজেদের সংস্কার-প্রচেষ্টা বৃদ্ধি পাবে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5958

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন